

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২০৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩০৪]

- ৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)
- পরিচ্ছেদঃ হায়েয অবস্থায় রোযা রাখা থেকে বিরত থাকা

# باب تَرْكِ الْحَائِضِ الصَّوْمَ

### আরবী

#### বাংলা

২০৭) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম একদা ঈদুল ফিতর অথবা ঈদুল আযহার দিন ঈদগাহের দিকে রওয়ানা হলেন। মহিলাদের নিকট দিয়ে অতিক্রম করার সময় তিনি বললেনঃ হে মহিলাগণ! তোমরা সাদকাহ কর। কারণ আমি দেখেছি জাহান্নামের অধিবাসীদের অধিকাংশই তোমরা। তারা বললেনঃ হে আল্লাহর রাসূল! কি কারণে আমাদের এ অবস্থা? তিনি বললেনঃ তোমরা অধিক পরিমাণে অভিশাপ করে থাক এবং স্বামীর অকৃতজ্ঞতা প্রকাশ কর। তোমরা জ্ঞান ও দ্বীনে অপূর্ণ হওয়া সত্তেবও জ্ঞানী পুরুষ লোকের জ্ঞান ও বুদ্ধিকে তোমাদের চেয়ে অধিক হরণকারী আমি আর কাউকে দেখিনি। তারা বললেনঃ হে আল্লাহর রাসূল! আমাদের দ্বীন ও জ্ঞানের কমতিটা কোথায়? তিনি বললেনঃ নারী লোকের সাক্ষ্য কি পুরুষ লোকের সাক্ষ্যের অর্ধেক নয়? তাঁরা বললেনঃ হ্যাঁ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ এটিই মহিলার জ্ঞানের কমতি। পুনরায় বললেনঃ মহিলার যখন হায়েয হয় তখন সে নামায আদায় করেনা এবং রোযাও রাখেনা। এটি কি ঠিক নয়? তাঁরা বললেনঃ হ্যাঁ। তিনি বললেনঃ এটিই হল তাঁর দ্বীনের কমতি।

### **English**



A menstruating women should leave observing Saum (fasting)

#### Narrated Abu Sa`id Al-Khudri:

Once Allah's Messenger () went out to the Musalla (to offer the prayer) of `Id-al-Adha or Al-Fitr prayer. Then he passed by the women and said, "O women! Give alms, as I have seen that the majority of the dwellers of Hell-fire were you (women)." They asked, "Why is it so, O Allah's Messenger ()?" He replied, "You curse frequently and are ungrateful to your husbands. I have not seen anyone more deficient in intelligence and religion than you. A cautious sensible man could be led astray by some of you." The women asked, "O Allah's Messenger ()! What is deficient in our intelligence and religion?" He said, "Is not the evidence of two women equal to the witness of one man?" They replied in the affirmative. He said, "This is the deficiency in her intelligence. Isn't it true that a woman can neither pray nor fast during her menses?" The women replied in the affirmative. He said, "This is the deficiency in her religion."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন